

ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৭ বর্ষ ৮ম সংখ্যা

ওয়েবসাইট : <http://www.du.ac.bd> (DU Barta)

৩১ শ্রাবণ ১৪৩০, ১৫ আগস্ট ২০২৩

শোকাবহ আগস্টে বঙ্গবন্ধু ও বঙ্গমাতাসহ শহিদদের অমর স্মৃতির প্রতি শ্রদ্ধাঞ্জলি

মোমবাতি প্রজ্বলনের মাধ্যমে গত ১ আগস্ট ২০২৩ রাত ১২টা ১ মিনিটে শোকাবহ আগস্টকে স্মরণ করা হয়েছে। এ উপলক্ষে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে শিক্ষক ও শিক্ষার্থীরা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে মোমবাতি প্রজ্বলনের মাধ্যমে বঙ্গবন্ধুর অমর স্মৃতির প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। পরে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলে মোমবাতি প্রজ্বলনের মাধ্যমে বঙ্গমাতার অমর স্মৃতির প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। পৃথক পৃথক অনুষ্ঠানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আকরাম হোসেন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নিলুফার পারভীন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাদাম হোসেন, সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি মাজহারুল কবির শয়ন এবং সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতসহ বিপুল সংখ্যক শিক্ষক ও শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

৬ জন ইমেরিটাস অধ্যাপক নিয়োগ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা, গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে অসাধারণ অবদান রাখার জন্য বিভিন্ন বিভাগের ৬ জন স্বনামধন্য অধ্যাপককে 'ইমেরিটাস অধ্যাপক' হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। একাডেমিক কাউন্সিলের সুপারিশ অনুযায়ী গত ১৬ জুলাই ২০২৩ সিন্ডিকেট সভায় এ নিয়োগ প্রদান করা হয়। সভায় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভাপতিত্ব করেন। ইমেরিটাস অধ্যাপক পদে নিয়োগপ্রাপ্তরা হলেন ইংরেজী বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম, ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের অধ্যাপক ড. খন্দকার বজলুল হক, উন্নয়ন অধ্যয়ন বিভাগের অধ্যাপক ড. আতিউর রহমান, ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক নজরুল ইসলাম, প্রাচ্যকলা বিভাগের অধ্যাপক মু. আবুল হাশেম খান এবং অংকন ও চিত্রায়ণ বিভাগের অধ্যাপক মোহাম্মদ রফিকুন নবী। নিয়োগপ্রাপ্ত ইমেরিটাস অধ্যাপকবৃন্দ নিজ একাডেমিক ক্ষেত্রসহ বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক শিক্ষার উন্নয়ন এবং গবেষণা ও উদ্ভাবনমূলক কার্যক্রমে পরামর্শ প্রদান করবেন বলে সভায় আশা প্রকাশ করা হয়েছে। এছাড়া, সিন্ডিকেট সভায় ২৭ জন গবেষককে পিএইচ.ডি., ৪জনকে ডি.বি.এ. এবং ১৫জনকে এম.ফিল. ডিগ্রি প্রদান করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাতীয় শোক দিবস পালিত

সাংবিধানিক বিধিবিধান সম্মুত রাখতে দৃঢ় অঙ্গীকার গ্রহণ করুন-উপাচার্য



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দেশের সাংবিধানিক বিধিবিধান সম্মুত রাখতে দৃঢ় অঙ্গীকার গ্রহণের জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাতবার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগস্ট ২০২৩ মঙ্গলবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. জিনাত হুদা, ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যামালমাই অ্যাসোসিয়েশনের সভাপতি আনোয়ার-উল-আলম চৌধুরী, মহাসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসান



এক আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এই আহ্বান জানান। আলোচনা সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, ঢাকা

সৈকতসহ অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী সমিতি, কারিগরি কর্মচারী সমিতি ও চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার অনুষ্ঠান সঞ্চালন করেন। সভার প্রারম্ভে 'বঙ্গবন্ধু ও ঢাকা বিশ্ববিদ্যালয়' শীর্ষক একটি (২য় পৃষ্ঠায় দেখুন)

বঙ্গমাতা স্মারক বক্তৃতা অনুষ্ঠিত

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব-এর ৯৩তম জন্মবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল মিলনায়তনে গত ৮ আগস্ট ২০২৩ হলের মেধাবী শিক্ষার্থীদের স্বর্ণপদক ও বৃত্তি প্রদান এবং স্মারক বক্তৃতা ও আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হয়। সহশিক্ষা কার্যক্রমে সফলতা ও স্নাতক (সম্মান) শ্রেণির ফাইনাল পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় হলের আবাসিক শিক্ষার্থী বশিরুননিসা অনন্যা-কে 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল স্বর্ণপদক ২০২০' এবং ০৫ জন শিক্ষার্থীকে 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল মেধাবৃত্তি' প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে শিক্ষার্থীদের হাতে স্বর্ণপদক, বৃত্তির চেক ও সনদ তুলে দেন।

হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নিলুফার পারভীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্মারক বক্তৃতা প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও প্রফেসর ইমেরিটাস ড. এ. কে. আজাদ চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন হলের সহকারী আবাসিক শিক্ষক জ্যোতিষী চাকমা। অনুষ্ঠানে বিভিন্ন অনুষ্ঠানের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, হলের আবাসিক শিক্ষক-শিক্ষার্থী এবং অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। (২য় পৃষ্ঠায় দেখুন)

আভারগ্যাজুয়েট প্রোগ্রামের ক্লাস শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ 'আভারগ্যাজুয়েট প্রোগ্রাম'-এর ক্লাস আগামীকাল ১৬ আগস্ট ২০২৩ থেকে শুরু হবে। শিক্ষার্থীদের আগামী ৮ আগস্ট থেকে ১৪ আগস্ট ২০২৩ এর মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। গত ২ আগস্ট ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ভর্তি কার্যক্রম সম্পন্ন ও ক্লাস শুরু সংক্রান্ত সংশ্লিষ্ট ইউনিট প্রধানদের সুপারিশ অনুমোদন করেছেন। ভর্তি সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা ও তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <https://admission.eis.du.ac.bd>-এ দেখা যাবে।

লিঙ্গ সমতা, সামাজিক ন্যায়-বিচার ও টেকসই উন্নয়ন শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন



ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সেন্টার ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ-এর উদ্যোগে 'Gender, Social Justice and Sustainable Development: The Asian Perspective' শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন গত ৭ আগস্ট ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে উদ্বোধন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বঙ্গমাতা শেখ

ফজিলাতুন্নেছা মুজিবের ৯৩তম জন্মবার্ষিকী উপলক্ষে এই সম্মেলন আয়োজন করা হয়। জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ অনুষ্ঠানে সম্মানিত অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষ্ঠানের ডিন অধ্যাপক ড. জিয়া রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। যুক্তরাজ্যের লন্ডন স্কুল অব ইকোনমিক্সের অধ্যাপক ড. নায়লা কবির মূল প্রবন্ধ উপস্থাপন করেন। স্বাগত বক্তব্য দেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সেন্টার ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট (২য় পৃষ্ঠায় দেখুন)

খাদ্য অধিকার বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন

এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের খাদ্য অধিকার এবং কৃষি খাদ্যব্যবস্থা বিষয়ক দু'দিন ব্যাপী আন্তর্জাতিক সম্মেলন গত ২৬ জুলাই ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। খাদ্য অধিকার বাংলাদেশ এবং পিকেএসএফ এর চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জামান আহমদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী প্রধান অতিথি

পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার পর বাংলাদেশের কৃষি খাতের উন্নয়নে বিভিন্ন বৈপ্লবিক পদক্ষেপ গ্রহণ করেছিলেন। ফলে এই সেপ্টরে আজ আমরা সাফল্য অর্জন করেছি। সবার জন্য পর্যাপ্ত খাদ্য নিশ্চিত করতে টেকসই খাদ্য ব্যবস্থাপনা গড়ে তোলার উপর তিনি গুরুত্বারোপ করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পৃথিবীর সর্বত্র খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে



এবং পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান, এমপি, উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, নেপালের যুগ্মসচিব সঞ্জীব কুমার কার্ন ও কেয়ার বাংলাদেশের কান্ডি ডিরেক্টর রমেশ সিং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, জাতির

সম্মিলিতভাবে কাজ করার জন্য বিশ্ব নেতাদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশ ইতোমধ্যে খাদ্য উৎপাদনে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। উপাচার্য বাংলাদেশে টেকসই কৃষিখাদ্য ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর জোর দেন।



গত ১ আগস্ট ২০২৩ রাত ১২টা ১ মিনিটে শোকাবহ আগস্ট স্মরণে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে শিক্ষক ও শিক্ষার্থীরা বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলে বঙ্গমাতার প্রতিকৃতিতে মোমবাতি প্রজ্জ্বলনের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।



গত ১ আগস্ট ২০২৩ রাত ১২টা ১ মিনিটে শোকাবহ আগস্ট স্মরণে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে শিক্ষক ও শিক্ষার্থীরা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মোমবাতি প্রজ্জ্বলনের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাতবার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি ১৫ আগস্ট ২০২৩ ছাত্র-শিক্ষক কেন্দ্রে 'স্মৃতিতে অঙ্গান মহানায়ক' শীর্ষক এক আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে এই প্রদর্শনীর উদ্বোধন করেন।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাতবার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগস্ট ২০২৩ ছাত্র-শিক্ষক কেন্দ্রে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই চিত্রাঙ্কন প্রতিযোগিতা পরিদর্শন করেন।

সাংবিধানিক বিধিবিধান সম্মুন্নত

(১ম পৃষ্ঠার পর) প্রামাণ্যচিত্র প্রদর্শিত

হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, বঙ্গবন্ধু সাংবিধানিক কাঠামোর আলোকে শাসনব্যবস্থা পরিচালনার উপর গুরুত্বারোপ করতেন। এ কারণেই তিনি দ্রুততম সময়ে সংবিধান প্রণয়ন করেছিলেন। সাংবিধানিক বিধি-বিধানের আলোকে আগামী জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে বঙ্গবন্ধুর দর্শনের প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। জাতির পিতার বর্ণাঢ্য রাজনৈতিক জীবনের নানান দিক তুলে ধরে উপাচার্য বলেন, বঙ্গবন্ধু শিক্ষাখাতে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছিলেন। শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ দিয়ে তিনি দেশের সামগ্রিক উন্নয়ন ঘটাতে চেয়েছিলেন। তিনি বলতেন, দেশকে উন্নত করতে হলে দক্ষ মানবসম্পদের কোন বিকল্প নেই। বঙ্গবন্ধুর স্বপ্নের সফল বাস্তবায়ন এবং তাঁর অসমাপ্ত কাজ সম্পন্ন করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবদ্ধ হওয়ার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, অসাম্প্রদায়িক, মানবিক ও অন্তর্ভুক্তিমূলক সমাজ প্রতিষ্ঠা এবং প্রযুক্তি ও জ্ঞান নির্ভর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তরুণ প্রজন্মকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন-দর্শন নতুন প্রজন্ম ও যুবসমাজের কাছে পৌঁছে দিতে বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে গবেষণা বাড়ানোর উপর তিনি গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন কর্মসূচি পালন করে। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবন ও হলসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় ও কালো পতাকা উত্তোলন করা হয়। সকালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীগণ ধানমণ্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। সকালে ছাত্র-শিক্ষক কেন্দ্রে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান চিত্রাঙ্কন প্রতিযোগিতা পরিদর্শন করেন। এছাড়া, উপাচার্য ছাত্র-শিক্ষক কেন্দ্রে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি আয়োজিত 'স্মৃতিতে অঙ্গান মহানায়ক' শীর্ষক আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন।

বঙ্গমাতা স্মারক বক্তৃতা অনুষ্ঠিত



(১ম পৃষ্ঠার পর) উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বক্তব্যের শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি ও স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহীয়সী নারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ ১৯৭৫ সালের ১৫ আগস্টের সকল শহিদদের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি স্মারক বক্তাকে ধন্যবাদ এবং স্বর্ণপদক ও বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শিক্ষা জীবন থেকে মহান মুক্তিযুদ্ধসহ সকল আন্দোলন-সংগ্রামের নেপথ্যে মূল অনুপ্রেরণার উৎস ছিলেন মহীয়সী নারী বঙ্গমাতা। সকল সংকট ও

প্রতিকূল পরিবেশ মোকাবেলায় বঙ্গমাতা বঙ্গবন্ধুকে শক্তি ও সাহস জুগিয়েছেন বলে তিনি উল্লেখ করেন। উপাচার্য আরও বলেন, বঙ্গবন্ধুর অবর্তমানে তাঁর পরিবারকে আগলে রাখার পাশাপাশি সুখ-দুঃখে গণমানুষের আশ্রয়দাতা ছিলেন বঙ্গমাতা। মহীয়সী নারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ত্যাগ, সাহসিকতা, ধৈর্য্য, মূল্যবোধ ও আদর্শ ধারণ করে যুক্তিবাদী ও প্রগতিশীল মানুষ হিসেবে নিজেদের গড়ে তুলে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নত, সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ভূমিকার রাখার জন্য উপাচার্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

লিঙ্গ সমতা, সামাজিক ন্যায়-বিচার ও টেকসই উন্নয়ন



বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সেন্টার ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ-এর উদ্যোগে 'Gender, Social Justice and Sustainable Development: The Asian Perspective' শীর্ষক দুদিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন গত ৮ আগস্ট ২০২৩ নবাব নগর আলী চৌধুরী সিনেট ভবনে সমাপ্ত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ.এস.এম. মাকসুদ কামালের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রী ড. দীপু মনি, এমপি প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

(১ম পৃষ্ঠার পর) স্টাডিজ-এর পরিচালক অধ্যাপক ড. তানিয়া হক। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী, এমপি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, জাতির পিতার সকল কাজে বঙ্গমাতা সাহস ও অনুপ্রেরণা জোগাতেন। বাঙালি নারী সমাজের জন্য তিনি এক অনুকরণীয় আদর্শ। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে দক্ষ মানবসম্পদ হিসেবে নিজেদের গড়ে তোলার জন্য নারী সমাজের প্রতি আহ্বান জানিয়ে স্পিকার বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে নারী ক্ষমতায়নের ক্ষেত্রে বাংলাদেশ অসাধারণ অগ্রগতি অর্জন করেছে। লিঙ্গ সমতা নিশ্চিতকরণ, সামাজিক ন্যায়-বিচার প্রতিষ্ঠা ও নারী ক্ষমতায়নের লক্ষ্যে বর্তমান

সরকার নানা পদক্ষেপ গ্রহণ করেছে। উন্নয়নের মূলধারায় নারীদের সম্পৃক্ত করতে প্রশিক্ষণ, আর্থিক সহায়তাসহ সব ধরনের সহযোগিতা প্রদান করা হবে বলে তিনি উল্লেখ করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের আদর্শ অনুসরণ করে সমাজ পরিবর্তনে ভূমিকা রাখার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, বঙ্গমাতার স্বপ্ন ও দর্শন বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সেন্টার ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ প্রতিষ্ঠা করা হয়েছে। এই সেন্টার সমাজে লিঙ্গ সমতা নিশ্চিত করার ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অধ্যাপক ও বিশিষ্টজনের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

অধ্যাপক ড. আবুল কালাম মনজুর মোরশেদ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান একুশে পদকপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ ও ভাষাবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আবুল কালাম মনজুর মোরশেদ-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। গত ২৬ জুলাই ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ড. আবুল কালাম মনজুর মোরশেদ ছিলেন একজন দেশবরেণ্য ভাষাবিজ্ঞানী এবং খ্যাতিমান শিক্ষক ও গবেষক। তিনি বাংলা একাডেমির মহাপরিচালক, বাংলা বিভাগের চেয়ারম্যানসহ বিভিন্ন পদে অত্যন্ত সততা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছেন। দেশ-বিদেশের বিভিন্ন জার্নাল ও পত্র-পত্রিকায় তাঁর অসংখ্য প্রবন্ধ ও

গল্প প্রকাশিত হয়েছে। অসংখ্য পুস্তকের রচয়িতা, শিশুসাহিত্যিক, অনুবাদক ও প্রাবন্ধিক এই ভাষাবিজ্ঞানী বাংলা ভাষা উন্নয়ন ও গবেষণায় অনন্য অবদানের জন্য স্মরণীয় হয়ে থাকবেন বলে উপাচার্য উল্লেখ করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। উল্লেখ্য, অধ্যাপক ড. আবুল কালাম মনজুর মোরশেদ গত ২৫ জুলাই ২০২৩ রাজধানীর নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।

অধ্যাপক পান্না কায়সার

বীর মুক্তিযোদ্ধা, লেখক, শিশু সংগঠক ও সাবেক সংসদ সদস্য অধ্যাপক পান্না কায়সার-এর

মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। গত ৪ আগস্ট ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী অধ্যাপক পান্না কায়সার ছিলেন সারাজীবন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শের অনুসারী। তিনি জাতীয় শিশু-কিশোর সংগঠন কেন্দ্রীয় খেলাঘর আসর, উদীচীসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক আন্দোলনে নেতৃত্ব দিয়ে সাংস্কৃতিক অঙ্গনকে বিকশিত ও সমৃদ্ধ করেছেন। অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধসম্পন্ন গুণী এই বীর মুক্তিযোদ্ধা মহান মুক্তিযুদ্ধের উপর অনেক গ্রন্থ লিখেছেন এবং মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণায় অবদানের স্বীকৃতি হিসেবে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার লাভ করেছেন। এদেশের সাংস্কৃতিক অঙ্গন ও সংসদ সদস্য হিসেবে

আর্থ-সামাজিক উন্নয়নে অসাধারণ অবদানের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন বলে উপাচার্য উল্লেখ করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। উল্লেখ্য, অধ্যাপক পান্না কায়সার গত ৪ আগস্ট ২০২৩ রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর।

কবি মোহাম্মদ রফিক

একুশে পদকপ্রাপ্ত বরেণ্য কবি মোহাম্মদ রফিক-এর মৃত্যুতে

প্রকাশ করেছেন। গত ৭ আগস্ট ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, মোহাম্মদ রফিক ছিলেন একজন খ্যাতিমান কবি ও শিক্ষক। তিনি ষাটের দশকে ছাত্র আন্দোলন, মহান মুক্তিযুদ্ধ ও আশির দশকে স্বৈরাচারবিরোধী আন্দোলনে কবিতার ভাষায় অংশগ্রহণ করে অসামান্য অবদান রেখেছেন। অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধসম্পন্ন এই জনপ্রিয় কবি কাব্যচর্চার পাশাপাশি কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অত্যন্ত সুনামের সাথে দীর্ঘকাল শিক্ষকতা করেছেন। তিনি তাঁর সৃজনশীল কর্মের মাধ্যমে চিরস্মরণীয় হয়ে থাকবেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রায়ত কবি মোহাম্মদ রফিকের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। উল্লেখ্য, কবি মোহাম্মদ রফিক গত ৬ আগস্ট ২০২৩ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

ইরানের কূটনীতিক

ঢাকাস্থ ইরান দূতাবাসের কালচারাল কাউন্সেলর সৈয়দ রেজা মিরমোহাম্মদী গত ২৫ জুলাই ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইরানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করাসহ বিভিন্ন বিষয়ে মত বিনিময় করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইরানের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে আরও বেশি শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের ওপর তারা গুরুত্বারোপ করেন।

উপাচার্য বলেন, শিক্ষা, গবেষণা, সামাজিক, সাংস্কৃতিক, ব্যবসা-বাণিজ্যসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ এবং ইরানের মধ্যে চমৎকার ঐতিহাসিক সম্পর্ক বিরাজ করছে। এই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরও সুদৃঢ় হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

কালচারাল কাউন্সেলর ইরানের বিভিন্ন বিশ্ববিদ্যালয় পরিদর্শনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে আমন্ত্রণ জানান। এছাড়া, তিনি ইরানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য ইরানের কূটনীতিককে ধন্যবাদ জানান।

ভারতীয় প্রতিনিধিদল

ভারতের সারদা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শিবরাম খারা-এর নেতৃত্বে ১৮-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৬ আগস্ট ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের খ্যাতিমান শিক্ষাবিদ, গবেষক, শিল্পউদ্যোক্তা ও ব্যবসায়ী নেতৃত্বদ প্রতিনিধি দলে অন্তর্ভুক্ত ছিলেন। সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভারতের বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে চলমান যৌথ

সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার ব্যাপারে আলোচনা করেন। বাংলা ভাষার প্রযুক্তিগত উন্নয়নে যৌথভাবে কাজ করার ব্যাপারে তারা একমত প্রকাশ করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে অতিথিদের অবহিত করেন। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি আন্তঃবিশ্ববিদ্যালয় সম্পর্ক উন্নয়ন এবং ইন্ডাস্ট্রি-একাডেমিয়া সহযোগিতা আরও জোরদার করার উপর গুরুত্বারোপ করেন।

সৌদি আরবের দুইজন অধ্যাপক

সৌদি আরবের কিং খালিদ মিলিটারি একাডেমির অধ্যাপক ড. সালেহ ইবনে মুহাম্মদ আল শাখরি এবং ড. বাদের হুদীবান আলহারবি গত ৬ আগস্ট ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সৌদি আরবের কিং খালিদ মিলিটারি একাডেমির মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। সৌদি আরবের অধ্যাপকদ্বয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আরবী ভাষা বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য নিয়মিতভাবে প্রশিক্ষক প্রেরণের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

সৌদি আরবের অধ্যাপক

সৌদি আরবের কিং সালমান গ্লোবাল একাডেমি ফর অ্যারাবিক ল্যাঙ্গুয়েজ-এর কারিকুলাম ডেভেলপমেন্ট প্রোগ্রামের পরিচালক অধ্যাপক ড. সুহা বিনতে মুহাম্মদ আল-তায়ার গত ১০ আগস্ট ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কিং সালমান গ্লোবাল একাডেমি ফর অ্যারাবিক ল্যাঙ্গুয়েজ-এর মধ্যে আরবী ভাষা ও সাহিত্য বিষয়ে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উভয় শিক্ষা-প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের ব্যাপারেও বৈঠকে আলোচনা করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বৈশ্বিক পরিমন্ডলে যোগাযোগ ও সম্পর্ক স্থাপন এবং ঐতিহাসিক, ধর্মীয় ও সাংস্কৃতিক ঐতিহ্য চর্চার ক্ষেত্রে আরবী ভাষা অন্যতম শক্তিশালী মাধ্যম। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের উন্নয়ন এবং এই বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের আরবী ভাষায় দক্ষ করার ক্ষেত্রে তিনি সৌদি অধ্যাপকের সহযোগিতা চান। সৌদি আরবের অধ্যাপক ড. সুহা বিনতে মুহাম্মদ আল-তায়ার ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের কারিকুলাম উন্নয়ন এবং শিক্ষক ও শিক্ষার্থীদের আরবী ভাষায় দক্ষ করার ক্ষেত্রে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন।

দক্ষিণ কোরিয়ার অধ্যাপকদ্বয়

দক্ষিণ কোরিয়ার সোগ্যাং ইউনিভার্সিটির অধ্যাপক ড. কিম ইয়ংওয়ান এবং অধ্যাপক ড. সন ডিকওয়ান গত ১৩ আগস্ট ২০২৩, উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সোগ্যাং ইউনিভার্সিটির মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এছাড়া, কোরিয়া ন্যাশনাল রিসার্চ ফাউন্ডেশনের অর্থায়নে পরিচালিত উন্নয়ন প্রকল্পের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে সামাজিক বিজ্ঞান গবেষণা ল্যাব প্রতিষ্ঠার ব্যাপারে আলোচনা করা হয়। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক-গবেষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও তারা মতবিনিময় করেন। এ বিষয়ে শিগগিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা একমত পৌছেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন এবং অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণের লক্ষ্যে যৌথ সহযোগিতামূলক গবেষণা কার্যক্রম পরিচালনার উপর গুরুত্বারোপ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য উপাচার্য অতিথিদের ধন্যবাদ জানান।



ঢাকাস্থ ইরান দূতাবাসের কালচারাল কাউন্সেলর সৈয়দ রেজা মিরমোহাম্মদী গত ২৫ জুলাই ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



ভারতের সারদা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শিবরাম খারা-এর নেতৃত্বে ১৮-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৬ আগস্ট ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



সৌদি আরবের কিং খালিদ মিলিটারি একাডেমির অধ্যাপক ড. সালেহ ইবনে মুহাম্মদ আল শাখরি এবং ড. বাদের হুদীবান আলহারবি গত ৬ আগস্ট ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



সৌদি আরবের কিং সালমান গ্লোবাল একাডেমি ফর অ্যারাবিক ল্যাঙ্গুয়েজ-এর কারিকুলাম ডেভেলপমেন্ট প্রোগ্রামের পরিচালক অধ্যাপক ড. সুহা বিনতে মুহাম্মদ আল-তায়ার গত ১০ আগস্ট ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



দক্ষিণ কোরিয়ার সোগ্যাং ইউনিভার্সিটির অধ্যাপক ড. কিম ইয়ংওয়ান এবং অধ্যাপক ড. সন ডিকওয়ান গত ১৩ আগস্ট ২০২৩, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

ডিউক অব এডিনবার্গ'স ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড পেলেন ৩৬ শিক্ষার্থী



সহ-শিক্ষা কার্যক্রমে অসাধারণ সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় বিভিন্ন বিভাগের ৩৬ জন কৃতি শিক্ষার্থীকে “দি ডিউক অব এডিনবার্গ'স ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড” প্রদান করা হয়েছে। এর মধ্যে ১৪ জন সিলভার অ্যাওয়ার্ড এবং ২২ জন ব্রোঞ্জ অ্যাওয়ার্ড লাভ করেন। গত ০২ আগস্ট ২০২৩ বুধবার অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্সিটি ক্লাবের আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক ড. মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে ডিউক অব এডিনবার্গ'স অ্যাওয়ার্ড ফাউন্ডেশনের ট্রাস্টি বোর্ডের সেক্রেটারি রিজওয়ান বিন ফারুক বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন এবং স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে তরুণ প্রজন্মকে প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা অর্জন করতে হবে। সুনাগরিক হিসেবে গড়ে ওঠার জন্য শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। নৈতিক ও মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ হয়ে অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে এগিয়ে আসার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে ডিউক অব এডিনবার্গ'স কার্যক্রমের ব্যাপক সম্প্রসারণের উপর গুরুত্বারোপ করে বলেন, অধিক সংখ্যক শিক্ষার্থীকে এই প্রোগ্রামের সঙ্গে সম্পৃক্ত করতে হবে। ডিউক অব এডিনবার্গ'স ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ডপ্রাপ্তদের নিয়ে বিশ্ববিদ্যালয়ে একটি ক্লাব গঠনের জন্য তিনি সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।

আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতায় সমাজবিজ্ঞান বিভাগ চ্যাম্পিয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০২৩-২৪ এ চ্যাম্পিয়ন হয়েছে সমাজবিজ্ঞান বিভাগ এবং রানার-আপ হয়েছে ফলিত গণিত বিভাগ। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ গত ৩০ জুলাই ২০২৩ কেন্দ্রীয় খেলার মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। সমাজবিজ্ঞান বিভাগ ও ফলিত গণিত বিভাগের মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলায় সমাজবিজ্ঞান বিভাগ ফলিত গণিত বিভাগকে টাইব্রেকারে ২-১ গোলে পরাজিত করে। ঢাকা বিশ্ববিদ্যালয় ফুটবল কমিটির সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ বাহাউদ্দিন-এর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, পরিচালক মো. শাহজাহান আলী, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নিজামুল হক ভূঁইয়া, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান এবং বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।



দক্ষিণ কোরিয়ার সোগ্যাং ইউনিভার্সিটির অধ্যাপক ড. কিম ইয়ংওয়ান এবং অধ্যাপক ড. সন ডিকওয়ান গত ১৩ আগস্ট ২০২৩, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



চারুকলা অনুষদের দুই প্রফেসর ইমেরিটাসকে সংবর্ধনা প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সম্প্রতি প্রফেসর ইমেরিটাস হিসেবে নিয়োগ পাওয়ায় চারুকলা অনুষদের প্রাচ্যকলা বিভাগের অধ্যাপক মু. আবুল হাশেম খান এবং অঙ্কন ও চিত্রায়ণ বিভাগের অধ্যাপক মো. রফিকুল নবীকে গত ৭ আগস্ট ২০২৩ অনুষদের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি ও স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহীয়সী নারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ ১৯৭৫ সালের ১৫ আগস্টের সকল শহীদের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোককে শক্তিতে রূপান্তর করে নিরলস পরিশ্রমের মাধ্যমে দেশকে এক অনন্য



চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে ওসমান জামান মিলনায়তনে অনুষ্ঠিত এই সংবর্ধনা অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অনুষ্ঠিত ব্যক্ত করে বক্তব্য দেন সংবর্ধনাপ্রাপ্ত ইমেরিটাস অধ্যাপকদ্বয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান

উচ্চতায় নিয়ে গেছেন। তিনি বলেন, বঙ্গবন্ধু ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাহস ও অনুপ্রেরণা নিয়ে বিভিন্ন প্রতিবন্ধকতা মোকাবেলা করে দেশের উন্নয়নে সকলকে একসাথে কাজ করতে হবে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিল্পী অধ্যাপক মু. আবুল হাশেম খান ও অধ্যাপক মো. রফিকুল নবীকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানান এবং তাঁদের সুস্বাস্থ্য কামনা করেন। শিক্ষা, গবেষণা, উদ্ভাবন ও শিল্পকর্মের মাধ্যমে বিশ্ববিদ্যালয়কে আরও এগিয়ে নিতে এই দুই বিদ্বন্ধু পণ্ডিত ভূমিকা রাখবেন এবং নতুন প্রজন্মকে আরও অনুপ্রাণিত করবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

শামসুন নাহার হলের বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক এবং ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ



ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হলের বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক এবং অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ৩০ জুলাই ২০২৩ হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। শামসুন নাহার হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. লাফিফা জামালের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট নৃত্যশিল্পী ও কোরিওগ্রাফার শর্মিলা বন্দ্যোপাধ্যায়। অনুষ্ঠানে হলের আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রতিযোগিতায় বিজয়ীদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, যে শিক্ষার্থীরা ক্রীড়া, সাংস্কৃতিকসহ বিভিন্ন সহশিক্ষা কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকে তাদের জীবন-যাপন ও উপস্থাপনায় নান্দনিকতার ছোঁয়া থাকে। এসব সহশিক্ষা কার্যক্রম ভবিষ্যতে শিক্ষার্থীদের পেশাগত জীবনে সহায়ক ভূমিকা পালন করবে এবং অন্যদের থেকে এগিয়ে রাখবে বলে তিনি উল্লেখ করেন। বহুতরপূর্ণ ও পারস্পরিক শ্রদ্ধাশীল মনোভাব নিয়ে সাহিত্য, সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে দক্ষতা অর্জনের মাধ্যমে সমৃদ্ধ ও উন্নত দেশ বিনির্মাণে অবদান রাখার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ এবং আইসিডিডিআরবি-এর নির্বাহী পরিচালক ড. তাহমিন আহমেদ গত ৭ আগস্ট ২০২৩ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এক সমঝোতা স্মারক স্বাক্ষর করেন।

ন্যাশনাল মডেল ইউএন কনফারেন্স



ঢাকা ইউনিভার্সিটি মডেল ইউনাইটেড নেশন্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে 'Towards Equitable Governance: Embracing Data-Driven Transformation for an Inclusive World' শীর্ষক ৪দিন ব্যাপী ন্যাশনাল মডেল ইউএন কনফারেন্স গত ১৯ জুলাই ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে উদ্বোধন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কনফারেন্স উদ্বোধন করেন। ঢাকা ইউনিভার্সিটি ন্যাশনাল মডেল ইউনাইটেড নেশন্স-এর মহাসচিব ফারিহা ফাইয়াজ-এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা ইউনিভার্সিটি মডেল ইউনাইটেড নেশন্স অ্যাসোসিয়েশনের মডারেটর অধ্যাপক ড. দেলোয়ার হোসেন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের আইসিটি

বিভাগের মহাপরিচালক ড. সৈয়দ মুনতাসির মামুন, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. ডেভিড ডোলাভ এবং অ্যাসোসিয়েশনের সাবেক প্রেসিডেন্ট মুহাম্মদ মামুন মিয়া বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উদ্ভাবনী চিন্তা ও জ্ঞানের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালনের জন্য তরুণ সমাজের প্রতি আহ্বান জানান। কর্মকৌশল নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন ও সঠিক সিদ্ধান্ত গ্রহণের জন্য বৈজ্ঞানিক তথ্য বিশ্লেষণের উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে তারুণ্যের শক্তিকে যথাযথভাবে কাজে লাগাতে হবে। উল্লেখ্য, বিশ্বের বিভিন্ন দেশের প্রায় ৫শ শিক্ষার্থী এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

বিলকিস-মাহবুব ট্রাস্ট ফান্ড গঠন



ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'বিলকিস-মাহবুব ট্রাস্ট ফান্ড' শীর্ষক নতুন একটি ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই ট্রাস্ট ফান্ড গঠন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের খন্ডকালীন শিক্ষক অধ্যাপক ড. পারভীন হক তাঁর মা-বাবার নামে এই ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠার লক্ষ্যে ১২ লাখ টাকার একটি চেক গত ২৫ জুলাই ২০২৩ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ-এর কাছে হস্তান্তর করেন। উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, এডুকেশনাল এন্ড কাউন্সেলিং

সাইকোলজি বিভাগের অধ্যাপক ড. মেহজাবীন হক, বিভাগীয় চেয়ারম্যান জিন্নাতুল বোরাক, রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার এবং জনসংযোগ দফতরের পরিচালক মাহমুদ আলম উপস্থিত ছিলেন। এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের মেধাবী ও আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হবে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই ট্রাস্ট ফান্ড গঠনের জন্য দাতা পরিবারের সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে বলেন, এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থীরা পড়াশোনায় উৎসাহিত ও অনুপ্রাণিত হবে।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকী



গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ৬১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে 'চতুর্থ শিল্প বিপ্লবের যুগে সাংবাদিকতা: বাংলাদেশ ও বাকি বিশ্ব' শীর্ষক আলোচনা সভা গত ২ আগস্ট ২০২৩ বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আবুল মনসুর আহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. জিয়া রহমান। অতিথি বক্তা ছিলেন ঢাকা ট্রিবিউনের সম্পাদক জাফর সোবহান ও যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া স্টেট ইউনিভার্সিটির গণযোগাযোগ বিভাগের চেয়ারপার্সন ড. মো. আবু নাসের। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন গণযোগাযোগ ও সাংবাদিকতা

বিভাগের অধ্যাপক ড. গীতি আরা নাসরীন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের প্রতিষ্ঠা বার্ষিকীর শুভেচ্ছা জানিয়ে বলেন, সাংবাদিকতাকে শুধু আর্ট হিসেবে বিবেচনা না করে এটাকে বিজ্ঞান হিসেবে বিবেচনা করতে হবে। তাহলে সংবাদ মাধ্যমের বহুনিষ্ঠতা নিশ্চিত হবে এবং সাংবাদিকরা প্রাপ্ত তথ্যের সবগুলো দিক বিবেচনায় নিয়ে সংবাদ উপস্থাপনে সক্ষম হবেন। উপাচার্য আরও বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের অন্যতম বৈশিষ্ট্য হলো কৃত্রিম বুদ্ধিমত্তা। কৃত্রিম বুদ্ধিমত্তার সাথে মানুষের সম্পৃক্ততা না থাকলে তথ্যকে বাঁপসা করে দেয়। তাই কৃত্রিম বুদ্ধিমত্তার সাথে মানুষের সম্পৃক্ততা যত গভীর হবে চতুর্থ শিল্প বিপ্লব তত সফলতার দিকে এগিয়ে যাবে।